দৈনিক ইত্তেফাক

তাং... 26-OCT-1990 ...
পৃষ্ঠা... ১ ... কলাম... ৬ ...

48

শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশের প্রতিবা

# সোমবার শিক্ষকদের যৌথ সমাবেশ আহবান

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ শিক্ষকদের ৭টি সংগঠনের এক যৌথ সভায় শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ '৯০ এর প্রতিবাদ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## সোমবার শিক্ষকদের

(১ম পৃঃ পর)

করিয়া অবিলম্বে ইহা বাতিল এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলিয়া দেওয়ার দাবী করা হইয়াছে। সভায় আন্দোলনের কর্মসূচী ঘোষণার লক্ষ্যে ২৯শে অক্টোবর বিকাল ৩টায় টি, এস, সিতে শিক্ষকদের এক যৌথ সমাবেশ আহ্বান করা হইয়াছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে গত বুধবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, গোটা শিক্ষা ব্যবস্থাকে পঙ্গু করার ষড়যন্ত্রের অংশ হিসাবে শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ জারি করা হইয়াছে। ইহা ঢাকা বিশ্ববিদ্যালয় সহ অপরাপর স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের আইনের কার্যকারিতা ক্ষুণ্ন করিয়াছে। শিক্ষা বর্ষের গুরুত্বপূর্ণ সময়ে শত শত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করিয়া লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর জীবনের ক্ষতি ডাকিয়া আনিয়াছে। সুষ্ঠু গণতান্ত্রিক পন্থায় নির্বাচিত সরকার প্রতিষ্ঠিত না হইলে শিক্ষাসহ জনজীবনের সমস্যা সমাধানের কোন সম্ভাবনা থাকে না। সভায় চলমান গণতান্ত্রিক আন্দোলনের সহিত একাত্মতা প্রকাশ করিয়া নিজ নিজ অবস্থান হইতে আন্দোলন জোরদার করার প্রত্যয় ব্যক্ত করা হয়।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ম, আখতারুজ্জামান, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহা সচিব মোঃ আবদুল জলিল, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির এম শরীফুল ইসলাম, শিক্ষক সমিতির (নজরুল) মুহম্মদ সাখাওয়াৎ হোসেন, বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতির মোঃ বদরুদ্দিন হাওলাদার ও বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ফজলুর রহমান সভায় উপস্থিত ছিলেন।